



# যায়যায়দিন

যায়যায়দিন, ০৩-০৩-২০২৪, পৃষ্ঠা-০৫



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্লাস্টিক দূষণ নিয়ে সচেতনতামূলক অনুষ্ঠান

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের যৌথ উদ্যোগে দিনব্যাপী 'প্লাস্টিক দূষণ বিষয়ে শিক্ষার্থীদের সচেতনতামূলক' অনুষ্ঠানের আয়োজন করা হয়। শনিবার রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে আয়োজিত এই অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ছাড়াও রাজধানীর পাঁচটি স্কুলের খুদে শিক্ষার্থীরা অংশ নেন।

আয়োজনের মধ্যে ছিল- পরিবেশ বিষয় আলোচনা, কুইজ, ছবি আঁকা, সচেতনতা মূলক স্টল, ভিডিও প্রদর্শনী ইত্যাদি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন- ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান, কোষাধ্যক্ষ ইশফাক ইলাহি চৌধুরী, প্রথম আলোর যুব কার্যক্রমের প্রধান সমন্বয়ক মুনীর হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক ড. জেসমিন এবং

অধ্যাপক ড. গাউসিয়া চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন- ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের সভাপতি ড. সুরাইয়া নাসরিন। আলোচনায় বক্তারা প্লাস্টিক পণ্যের নানান ধরনের ক্ষতিকর দিক তুলে ধরেন। জলাবদ্ধতা, ফসলহানি, জলজ প্রাণীদের জীবন বিপন্ন ইত্যাদি সংকটের জন্য তারা প্লাস্টিকের ব্যবহারকে দায়ী করেন। পৃথিবীর বিভিন্ন দেশে প্লাস্টিক ব্যবহার বন্ধ হয়েছে কেন, সে সবেও উদাহরণ দেন। তাদের মতে, বাংলাদেশের মানুষের মধ্যে প্লাস্টিক বিষয়ে সচেতনতার অভাব রয়েছে। সে জন্য এ দেশের মানুষকে প্রতিনিয়ত নানান দুর্ভোগ পোহাতে হচ্ছে। তাই, স্কুলের শিক্ষার্থীদের প্লাস্টিক পণ্য ব্যবহার কমিয়ে আনতে পরিবার থেকেই ভূমিকা রাখা এবং বড় হয়ে এ বিষয়ে আরও বিশদভাবে কাজ করার পরামর্শ দেন। অনুষ্ঠানে শিক্ষার্থীরাও প্লাস্টিক দূষণ বন্ধে কাজ করবেন বলে অঙ্গীকার করেন। সংবাদ বিজ্ঞপ্তি